চ্যান্সেলরের প্রবিধান

ক্যাটেগরি:	***শিক্ষার্থী***	ইস্যুর তারিখ: ৩/২৪/১০	নম্বর:	**A-414**
বিষয়:	সুরক্ষা পরিকল্পনাসমূহ		পৃষ্ঠা:	১এর ১

<u>পরিবর্তনের সারসংক্ষেপ</u>

এই প্রবিধান ৫ সেপ্টম্বর ২০০০ তারিখের চ্যান্সেলরের প্রবিধান A-414 রহিত করে।

<u>পরিবর্তনসমূহ:</u>

- স্কুল সেফটি কমিটির সদস্যমণ্ডলী সম্প্রসারিত করে কম্যুনিটির সদস্য এবং স্থানীয় অ্যাম্বুলেন্স ও অন্যান্য জরুরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠানগুলোকে অন্তর্ভুক্ত করা হয়েছে (পৃষ্ঠা 1, অনুচ্ছেদ I.C)।
- সেফটি কমিটির ভূমিকা ও দায়দায়িত্ব আরও বিস্তারিতভাবে নির্দিষ্ট করা হয়েছে (পৃষ্ঠা 1, অনুচ্ছেদ I.A, B এবং D)।
- স্কুল সেফটি কমিটি বছরে কমপক্ষে ১টি সভা করবে যা সংশ্লিষ্ট স্কুলের সকল পিতামাতাদের জন্য উন্মুক্ত থাকবে (পৃষ্ঠা 1, অনুচ্ছেদ I. F)।
- প্রিন্সিপ্যাল বা তার নিযুক্ত ব্যক্তিকে সেফটি কমিটির মাসিক সভার নথি মাসিকভিত্তিতে সভায় জমা দিতে হবে (পৃষ্ঠা 1, অনুচ্ছেদ I. F)।
- ক্যাম্পাসের ক্ষেত্রে প্রিন্সিপ্যালকে নিশ্চিত করতে হবে যে নিরাপত্তা পরিকল্পনায় ক্যাম্পাসের প্রতিটি স্কুলের সুনির্দিষ্ট তথ্য এবং পুরো স্কুল ভবনের সাথে সংশ্লিষ্ট ক্যাম্পাসের তথ্য যাতে অন্তর্ভুক্ত থাকে (পৃষ্ঠা 1, অনুচ্ছেদ II. F)।
- পরিকল্পনার একটি ছাপানো কপি প্রিন্সিপ্যালকে/ প্রিন্সিপ্যালদেরকে স্কুলের/ক্যাম্পাসের একটি নিরাপদ স্থানে সংরক্ষণ করতে হবে (পৃষ্ঠা 2, অনুচ্ছেদ II. H)।
- সকল স্কুলের নিরাপত্তা পরিকল্পনার অন্তর্ভুক্ত জরুরি সহায়তা সম্পর্কিত তথ্য গোপন রাখতে হবে (পৃষ্ঠা 2, অনুচ্ছেদ II. I)।

সারাংশ

এই প্রবিধান, ৫ সেপ্টেম্বর, ২০০০ তারিখের চ্যান্সেলরের প্রবিধান A-414 – কে রহিত করে এবং তার স্থলাভিষিক্ত হয়। স্কুলে একটি সুরক্ষিত, এবং নিরাপদ পরিবেশ বজায় রাখা নিরাপত্তা কর্মী, শিক্ষণপ্রণালী সংক্রান্ত ও শিক্ষণপ্রণালী সংক্রান্ত নয় এমন কর্মী, রক্ষণাবেক্ষণ সম্পর্কিত কর্মী, পিতামাতা ও শিক্ষকসহ সমগ্র স্কুল কম্যুনিটির একটি মিলিত দায়িত্ব। সর্বোচ্চ সম্ভব নিরাপদ পরিবেশ রক্ষার অব্যাহত প্রচেষ্টার অংশ হিশেবে, প্রত্যেক স্কুলের অবশ্যই একটি সেফটি কমিটি থাকতে হবে যে কমিটি মাসিক-ভিত্তিতে মিলিত হবে এবং বার্ষিক ভিত্তিতে একটি সুরক্ষা পরিকল্পনা তৈরি করবে।

I. স্কুল সেফটি কমিটি

A. স্কুলের নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসক, কর্মী, শিক্ষার্থী, পিতামাতা, নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট, কম্যুনিটি নেতৃবৃন্দ এবং কম্যুনিটির বিভিন্ন সংস্থাসহ স্কুল কম্যুনিটির সকল সদস্য অবশ্যই অর্থবহ চলমান আলোচনা এবং সহযোগিতায় অংশগ্রহণ করবেন। স্কুল/ক্যাম্পাস স্তরে সুরক্ষা কমিটি গঠন এমন আলোচনার সুযোগ সৃষ্টি করে এবং স্কুল ও কম্যুনিটির সম্পদ ব্যবহার করে সুরক্ষা বৃদ্ধি করে।

B. প্রত্যেক স্কুলের/ক্যাম্পাসের অবশ্যই একটি স্কুল সেফটি কমিটি থাকবে। এই ধরনের একটি কমিটি গঠন এবং মাসিক ভিত্তিতে তার সভা অনুষ্ঠান নিশ্চিত করা প্রিন্সিপ্যালের(প্রিন্সিপ্যালগণের) দায়িত্ব। নিরাপত্তা প্রক্রিয়া গঠন, শিক্ষার্থী এবং কর্মীদেরকে প্রত্যাশা এবং দায়িত্ব সম্পর্কে সচেতন করা, এবং প্রতিরোধ এবং মধ্যস্থতার কৌশল এবং স্কুলের নির্দিষ্ট চাহিদা অনুযায়ী কর্মসূচি তৈরিতে কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

C. কমিটি নিদেনপক্ষে নিচে উল্লিখিত ব্যক্তিবর্গ নিয়ে গঠিত হবে: প্রিন্সিপ্যাল(প্রিন্সিপ্যালগণ); ভবনে চালু অন্যসব কর্মসূচির দায়িত্বে নিয়োজিত ব্যক্তি; ইউএফটি চ্যাপ্টার লিডার; রক্ষণাবেক্ষন সংক্রান্ত প্রকৌশলী/ভারপ্রাপ্ত ব্যক্তি; ইন-হাউস স্কুল সেইফটি এজেন্ট লেভেল থ্রি/ভারপ্রাপ্ত ব্যক্তি; স্থানীয় আইন প্রয়োগকারী কর্মকর্তা; প্যারেন্ট অ্যাসোসিয়েশনে প্রেসিডেন্ট/ভারপ্রাপ্ত ব্যক্তি; সংশ্লিষ্ট ভবনের খাদ্য পরিষেবা প্রদানকারী পুষ্টিবিশেষজ্ঞ/ ভারপ্রাপ্ত ব্যক্তি; কম্যুনিটি সদস্যবৃন্দ; স্থানীয় অ্যাম্বুলেন্স বা অন্য জরুরি অবস্থায় সাড়া প্রদানকারী সংস্থা; শিক্ষার্থী সংগঠনের প্রতিনিধি (প্রযোজ্য হলে); এবং অন্য কোন ব্যক্তিবর্গ যাদেরকে প্রিন্সিপ্যাল(প্রিন্সিপ্যালগণ) যোগ্য বলে বিবেচনা করেন।

D. প্রতিনিয়ত সমাধানের ভিত্তিতে নিরাপত্তা সমস্যাসমূহ বিবেচনা এবং প্রয়োজনবোধে অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থাগ্রহণ, মধ্যস্থতা, প্রশিক্ষণ ইত্যাদির জন্য প্রিন্সিপ্যালের কাছে যথাযথ সুপারিশ করা কমিটির দায়িত্ব।

E. মাসিক ভিত্তিতে স্কুল সুরক্ষা পরিকল্পনার অন-লাইন সুবিধার মাধ্যমে প্রিন্সিপ্যাল/প্রিন্সিপ্যাল ব্যক্তি অবশ্যই সেফটি কমিটির মাসিক সভা এবং আলোচ্যসূচির নথিপত্র জমা দেবেন।

F. স্কুল সেফটি কমিটি যাতে সেই স্কুলের সকল পিতামাতাদের জন্য উন্মুক্ত বার্ষিক ন্যূনতম একটি সভার আয়োজন করে প্রত্যেক প্রিন্সিপ্যাল অবশ্যই তা নিশ্চিত করবেন। স্কুলের নিরাপত্তা সম্পর্কিত বিষয়সহ, কিন্তু শুধুমাত্র এর মধ্যেই সীমাবদ্ধ নয়, বিভিন্ন আলোচনা এবং উদ্বেগজনিত প্রশ্ন যাতে পিতামাতারা তুলতে পারেন সেই উদ্দেশ্যে সভা পরিচালিত হবে।

II. স্কুলের নিরাপত্তা পরিকল্পনা

A. একটি সামগ্রিক নিরাপত্তা পরিকল্পনা যা সংশ্লিষ্ট ভবনের স্বাভাবিক পরিচালনা এবং জরুরি পরিস্থিতিতে কী প্রক্রিয়া অনুসরণ করা হবে তা সংজ্ঞায়িত করে সেটি তৈরির দায়িত্ব এই কমিটির। ওয়েব-ভিত্তিক স্কুল সেফটি পরিকল্পনা সুবিধার মাধ্যমে প্রতি বছরে প্রদত্ত পরামর্শকৃত মূল নিরাপত্তা পরিকল্পনার সাথে এই পরিকল্পনার সামঞ্জস্য অবশ্যই থাকতে হবে।

B. পরিবর্তনশীল নিরাপত্তা চাহিদা, সংগঠন এবং ভবন অবস্থার পরিবর্তন এবং অন্যান্য বিষয়ের সাথে সঙ্গতি রাখার উদ্দেশ্যে স্কুল সুরক্ষা কমিটি কর্তৃক সুরক্ষা পরিকল্পনা অবশ্যই প্রতিবছর হালনাগাদ করা হবে। তদুপরি, প্রয়োজনবোধে নিরাপত্তা সম্পর্কিত সমস্যা সমাধানের জন্য কমিটি যেকোন সময়ে নিরাপত্তা পরিকল্পনার পরিবর্তন সুপারিশ করবে।

C. ক্যাম্পাসের ক্ষেত্রে ক্যাম্পাসের প্রিন্সিপ্যালগণ অবশ্যই নিশ্চিত করবেন যাতে নিরাপত্তা পরিকল্পনায় ক্যাম্পাসের প্রতিটি স্কুলের জন্য স্কুল-নির্দিষ্ট তথ্য এবং সমগ্র ক্যাম্পাসের তথ্য – উভয়ই থাকে।

D. প্রত্যেক স্কুল বছরের সেপ্টেম্বরের তৃতীয় সপ্তাহের শেষদিকে প্রিন্সিপ্যালদেরকে অবশ্যই অন-লাইনে সেন্ট্রাল অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সেইফটি অ্যাডমিনিস্ট্রেটরের অনুমোদনের জন্য পূরণ করা নিরাপত্তা পরিকল্পনা দাখিল করতে হবে।

E. সেইফটি অ্যাডমিনিস্ট্রেটর প্রত্যেকটি পরিকল্পনা পর্যালোচনা করে নিশ্চিত করবেন যে, পরিকল্পনাটি সন্তোষজনক এবং মূল নিরাপত্তা পরিকল্পনার সাথে সঙ্গতিপূর্ণ। সেইফটি অ্যাডমিনিস্ট্রেটর অসন্তোষজনক পরিকল্পনাসমূহ যথাযথ সংশোধনের জন্য প্রিন্সিপ্যালদের কাছে ফেরত পাঠাবেন।

F. সেইফটি অ্যাডমিনিস্ট্রেটর প্রত্যেকটি স্কুলের অনুমোদিত পরিকল্পনা প্রতি স্কুল বছরের অক্টোবরের শেষ নাগাদ স্কুল সেফটি ডিভিশনের কমান্ডিং অফিসারের কাছে দাখিল করবেন। স্কুল সেফটি ডিভিশনের কম্যান্ডিং অফিসারের কাছে কোন সুরক্ষা পরিকল্পনা অসন্তোষজনক মনে হলে তা পরবর্তী পদক্ষেপের জন্য সেফটি অ্যাডমিনিস্ট্রেটরের কাছে ফেরত পাঠানো হবে। সেইফটি অ্যাডমিনিস্ট্রেটর প্রয়োজনীয় সংশোধন অন্তর্ভুক্ত করবেন এবং অনুমোদন লাভের জন্য প্রতি স্কুল বছরের ১৫ নভেম্বরের মধ্যে কম্যান্ডিং অফিসারের কাছে পুনরায় দাখিল করবেন।

G. নিরাপত্তা পরিকল্পনা তৈরি এবং নিরাপত্তা সম্পর্কিত চলমান সমস্যা সমাধানের বিষয়ে স্কুল সেফটি কমিটিকে সবসময় প্রযুক্তিগত সহায়তা দিতে অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট রয়েছে।

H. অনুমোদিত পরিকল্পনার ছাপানো কপি (ওয়েব-ভিত্তিক স্কুল সেইফটি প্ল্যান পোর্টাল থেকে মুদ্রিত) প্রত্যেকটি স্কুলের প্রিন্সিপ্যাল কর্তৃক একটি নিরাপদ জায়গায় সংরক্ষিত থাকা উচিত।

I. প্রত্যেক স্কুলের নিরাপত্তা পরিকল্পনার জরুরি পরিস্থিতিতে সাড়া দেওয়া সংক্রান্ত তথ্যসমূহ অবশ্যই গোপন রাখতে হবে এবং তা অন-লাইনে বা অন্য কোন উপায়ে প্রকাশ না করা যাবে না।

III. *সুরক্ষা পরিকল্পনার লঙ্ঘন*

A. নিরাপত্তা পরিকল্পনা লঙ্ঘনের অভিযোগ একজন শিক্ষক বা ইউএফটি চ্যাপ্টার লিডার কর্তৃক যথাশীঘ্র সম্ভব প্রিন্সিপ্যালের কাছে জানাতে হবে।

B. অভিযোগ পাবার ২৪ ঘণ্টার মধ্যে প্রিন্সিপ্যাল তা সমাধানের চেষ্টা করবেন।

C. যদি শিক্ষক অথবা ইউএফটি চ্যাপ্টার লিডার সন্তুষ্ট না হন, ৪৮ ঘণ্টার মধ্যে একটি মধ্যস্থতা অধিবেশনের জন্য ইউএফটি ডিভিশন অব সেফির মাধ্যমে অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ-এ একটি আপিল করা যেতে পারে।

D. মধ্যস্থতার ফল সম্পর্কে শিক্ষক বা ইউএফটি চ্যাপ্টার লিডার যদি সন্তুষ্ট না হন, সংশ্লিষ্ট পক্ষগুলোর তৈরি একটি ত্বরায়িত সালিশ প্রক্রিয়ার মাধ্যমে আপিল করা যেতে পারে।

IV. *অনুসন্ধান*

এই প্রবিধান সংক্রান্ত কোন প্রশ্ন থাকলে নিচে উল্লিখিত ঠিকানা, ফোন এবং ফ্যাক্স নম্বরে যোগাযোগ করুন:

ফোন:	*অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভোলপমেন্ট* এন.ওয়াই. সি ডিপার্টমেন্ট অব এডুকেশন	ফ্যাক্স:
212-374-4368	52 Chambers Street - Room 218 New York, NY 10007	212-374-5751